বিশ্বনাথে দুর্বৃত্তদের হাতে রিকশাচালক খুন,ঝুলন্ত লাশ উদ্ধার

চেম্বার ডেস্ক:: হত্যার পর নিজ রিকশার চাকার সঙ্গে রশি দিয়ে গলায় ফাঁস দেওয়া অবস্থায় শফিক মিয়া (৩৫) নামের এক চালকের লাশ ফেলে যায় দুর্বৃত্তরা। হতভাগ্য শফিক সিলেটের বিশ্বনাথ উপজেলা সদরের রাজনগর রোডের নিয়ামত আলীর কলোনিতে স্ত্রী ও দুই সন্তান নিয়ে বসবাস করছিলেন। আর তার বাবা শহজাহান মিয়া পাশের গ্রাম শহাজিরগাঁওয়ে বসবাস করছিলেন। তাদের গ্রামের বাড়ি মানিকগঞ্জ জেলার সিংরাই থানার রফিকনগরে।

শুক্রবার (২৯ আগস্ট) রাতে রাজনগর রোডস্থ বাসিয়া নদী তীরে এ ঘটনা ঘটে।

ওই দিন রাত পৌনে ১২টার দিকে রিকশাসহ ওই চালকের লাশ উদ্ধার করে থানা পুলিশ।

শনিবার ভোরে ময়নাতদন্তের জন্য নিহতের লাশ সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে প্রেরণ করে পুলিশ।

তবে প্রাথমিক তদন্তে পুলিশ ধারনা করছে শুক্রবার রাত ৯টার দিকে বৃস্টি চলাকালীন সময়ে পরিকল্পিতভাবে হত্যার পর রিকশা চালককে হত্যার পর তার রিকশাতেই বেঁধে রেখে যায় দুর্বৃত্তরা।

এ ঘটনায় শনিবার সকালে অজ্ঞাতনামা আসামি করে নিহতের ছোট ভাই রফিক আলী বিশ্বনাথ থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন, (মামলা নং ২১)।

বিশ্বনাথ থানার অফিসার ইনচার্জ (ওসি) শামীম মুসা বলেন, প্রাথমিক তদন্তে এটি একটি পরিকল্পিত হত্যা বলেই মনে হচ্ছে।